# তেরঘরিয়া ঈদগাহপাড়া মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ

রেজিঃ নং- ১০/মেহের, তারিখ- ০৮/০৪/২০১০ খ্রিঃ
সংশোধিত নং- ৪৬/মেহের, তারিখ- ১৬/০৫/২০১৮ খ্রিঃ
গ্রাম- তেরঘরিয়া, ডাকঘর- উজলপুর
উপজেলা- মেহেরপুর সদর, জেলা- মেহেরপুর।

## উৎপাদন মুখী সমবায় সমিতি এর কার্যক্রমঃ

ভূমিকা ঃ- ডিজিটাল বাংলাদেশ গড়ার উদ্দেশ্য রূপকল্প- ২০২১ বাস্তবায়নের লক্ষ্যে তেরঘরিয়া ঈদগাহপাড়া মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ মৎস্য চাষ পালনের লক্ষ্যে আর্থ-সামাজিক উন্নয়নের মাধ্যমে আত্মনির্ভরশীল হওয়ার বিষয়ে এলাকায় ভীষণ ভাবে সাড়া পড়েছে। এমনকি অত্র সমিতিটি উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ১৪২৬ বাংলা সন হতে ১৪৩১ বাংলা সন পর্যন্ত দীর্ঘ মেয়াদী সরকারী জলমহাল ইজারা গ্রহণ করেছেন। সমগ্র মেহেরপুর সদর উপজেলায় বসবাস করে এবং মৎস্যজীবি পেশার মানুষের সমন্বয়ে শেয়ার ও সঞ্চয় সংগ্রহের মাধ্যমে একত্রিত করে তাদের ভাগ্য  উন্নয়ন, সামাজিক উন্নয়ন, মৎস্য চাষ ও মাছের ন্যায্য মূল্যে বিক্রয় ও বাজারজাতকরণ সহ আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে জনাব মোঃ শওকত আলীর নেতৃত্বে গঠিত বিগত ০৮/০৪/২০১০ খ্রিঃ তারিখে সমিতিটি নিবন্ধিত হয়। যার নিবন্ধন নং- মূলঃ ১০/মেহের, পরবর্তীতে সংশোধিত হয়, যার নিবন্ধন নং- ৪৬/মেহের, তারিখ- ১৬/০৫/২০১৮ খ্রিঃ। তেরঘরিয়া ঈদগাহপাড়া মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ দীর্ঘদিন যাবৎ মাছ চাষ করে আসছেন। সমিতিটি বিভিন্ন প্রকার মাছ চাষ করে থাকে, যেমন- রুই, কাতলা, মৃগেল, মিরর কার্প, আমরিকান রুই, সিলভার কার্প ইত্যাদি। বর্তমানে তেরঘরিয়া ঈদগাহপাড়া মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ আধুনিক পদ্ধিতে মাছ চাষ করছেন, যেমন- চিতল, মনোসেক্স, তেলাপিয়া ইত্যাদি। এছাড়া সমবায় সমিতির মাধ্যমে সদস্য ও সহযোগী সদস্যগণের মধ্যে সঞ্চয় আদায় করা হয়। বিভিন্ন প্রতিযোগীতায় টিকে থাকতে এবং অত্র এলাকার মানুষের মাছের চাহিদা মেটানোর জন্য ইজারাকৃত জলমহালে বিভিন্ন জাতের মাছ চাষ করা হয় এবং অত্র এলাকার মানুষের মাছচাষ করা একমাত্র ভরসা, যা প্রতিনিয়তই সমিতির নিকটতম বাজারে পাওয়া যাচ্ছে।

### অর্থনৈতিক অবস্থা/দৃশ্যমান অবদানঃ

**১। শেয়ার মূলধন ও খতিয়ানঃ** ৩১/১২/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত সমিতির সদস্যদের নিকট থেকে শেয়ার আদায়ের পরিমাণ ছিল ২১,৯০০/- টাকা। পরবর্তীতে উক্ত খাতে কোন টাকা আদায় করা হয়নি ও কোন টাকা ফেরত দেওয়া হয়নি। ফলে ৩০/০৬/২০১৯ খ্রিঃ তারিখে মোট আদায়কৃত অর্থের পরিমাণ দাড়ায় ২১,৯০০/- টাকা।

### আধুনিক উদ্ভাবনী প্রযুক্তি ব্যবহারঃ

জেলা মৎস্য দপ্তর ও উপজেলা মৎস্য দপ্তর হতে প্রশিক্ষণ গ্রহণ করে আধুনিক প্রযুক্তি ব্যবহার করে বৈজ্ঞানিক পদ্ধতিতে মাছচাষ করা হচ্ছে।

### কর্মসংস্থান সংক্রান্তঃ

**মৎস্য প্রকল্প ঃ-** অত্র সমবায় সমিতির মাধ্যমে সার্বক্ষণিক ১০ জন পাহারাদার ইজারাকৃত জলমহালে নিযুক্ত আছে। সমিতির সকল সদস্য নিয়মিত ভাবে মাছ ধরে স্থানীয় বাজারে মাছ বিক্রয় করেন।

অত্র সমিতিতে বেতনভূক্ত কর্মকর্তা/কর্মচারী- ০১ জন (স্থায়ী)। স্বকর্ম সংস্থান- ২২ জন।

**কমংস্থানের লক্ষ্যে গৃহীত পদক্ষেপ ঃ-** অত্র সমিতি কর্মসংস্থানের লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচী প্রদান, আধুনিক যন্ত্রপাতি ব্যবহার ও দক্ষতা অর্জনের জন্য ব্যবস্থা করেছেন।

**দেশ ও জাতির জন্য কল্যাণকর ও জনহিতকর কাজ ঃ-** অত্র সমিতির সকল কার্যক্রম দেশ ও জাতীর কল্যাণের লক্ষ্যে পরিচালিত হচ্ছে। এখানে ব্যক্তি স্বার্থের পরিবর্তে সমষ্টিগত স্বার্থকে প্রাধান্য দেওয়া হয় এবং সদস্যগণের আর্থ-সামাজিক উন্নয়নের সাথে সাথে জাতীয় উন্নয়নে সমবায় কর্মকান্ডকে এগিয়ে নেওয়া হচ্ছে। বর্তমানে উন্নত জাতের মাছচাষ হচ্ছে যেমন, মনোসেক্স, তেলাপিয়া, পাংগাশ, বাটা, রুই, সিলভারকাপ, ইত্যাদি মাছ বিক্রয় করে জনগণের মধ্যে ব্যাপক সাঁড়া পড়েছে। এছাড়া অত্র এলাকায় জনগনের মধ্যে বিবাহ অনুদান, শিক্ষা অনুদান, বাসস্থান তৈরীতে অনুদান ও চিকিৎসা অনুদান প্রদান করে মেহেরপুর সদর উপজেলার মধ্যে অত্র সমিতি অগ্রনী ভূমিকা পালন করছে।

**সমবায় আন্দোলনকে বেগবান ও গতিশীল সংক্রান্ত কাজ ঃ-** অত্র সমবায় সমিতি এলাকাবাসীদের সমবায় বিষয়ে অবগত করে থাকে। জাতীয় এবং আন্তর্জাতিক সমবায় দিবস উদ্‌যাপন করে সমবায় আন্দোলনকে বেগবান ও গতিশীল করার ক্ষেত্রে অগ্রণী ভূমিক পালন করছে।

**প্রচার ও প্রকাশনার পরিমাণ ঃ-** বিভিন্ন প্রদর্শনীতে সমিতির নিজস্ব উৎপাদিত মাছ প্রদর্শন করে ব্যাপক সুনাম অর্জন করেছে।

২। **সঞ্চয় আমানত সংক্রান্ত ঃ-** ৩০/০৬/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত সমিতির সদস্যদের নিকট থেকে সঞ্চয় আদায়ের পরিমাণ ৯৮,৮৫০/- টাকা। অত্র খাতে পরবর্তীতে ৩১০০/- টাকা আদায় হয়। ফলে ৩১/১২/২০১৯ খ্রিঃ তারিখে মোট আদায়কৃত অর্থের পরিমাণ দাড়ায় ১,০১,৯৫০/- টাকা।

৩। ঋণ কার্যক্রম সংক্রান্তঃ অত্র সমিতিতে ঋণ কার্যক্রম পরিচালিত হয় না।

৪। **মৎস্য প্রকল্প ঃ-** তেরঘরিয়া ঈদগাহপাড়া মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ কর্তৃক উৎপাদিত মাছ যেমন, রুই, কাতলা, মৃগেল, মিরর কাপ, আমরিকান রুই, সিলভার কাপ, সরপুটি এছাড়াও শিং, কই, পুটি, মাগুর ইত্যাদি চাষে সীমাবদ্ধ নয়। বর্তমানে আধুনিক পদ্ধতিতে মাছ চাষ করছেন যেমন, পাংগাশ, মনোসেক্স, তেলাপিয়া ইত্যাদি। বাৎসরিক উৎপাদন ১১৫ মেট্রিক টন, যার বাজার মূল্য প্রায় ১,৭২,৫০,০০০/- টাকা।

**উন্নয়ন কর্মকান্ডের ধরণ ও প্রকৃতি ঃ-** পেশা ভিত্তিক সমিতি হিসাবে তেরঘরিয়া ঈদগাহপাড়া মৎস্যজীবি সমবায় সমিতির মাধ্যমে সমিতিটি ব্যাপক উন্নয়ন সাধন করেছে। সমিতির আর্থ-সামাজিক উন্নয়নের জন্য নিজস্ব তহবিল থেকে সদস্যদের মধ্যে মৎস্য চাষ খাতে উন্নয়ন মূলক কর্মসূচী চালু করা হয়েছে। পাশাপাশি সকল সমবায়ীকে এবং এলাকায় মাছ চাষে উদ্বুদ্ধকরণে কোন ধরনের ক্ষতি হয় এমন মেডিসিন ব্যবহার করেন না। স্বাস্থ্য, পুষ্টি, স্যানিটেশন, সমবায় শিক্ষা ও বৃক্ষরোপন পদ্ধতি ও মাছচাষ ইত্যাদি বিষয়ে সমিতি প্রশিক্ষণ প্রদান করেছে। তাছাড়া আধুনিক পদ্ধতিতে উন্নতমানের মাছ ইজারাকৃত জলমহালে চাষ কার্যক্রম চালু করে অগ্রণী ভূমিকা রেখেছে।

**সেবা মূলক উন্নয়ন কার্যক্রমের সেবার ধরণ ও প্রকৃতি ঃ-** অত্র সমিতি বিভিন্ন মাছ চাষ খাতে নিজস্ব তহবিল থেকে ঋণ প্রদান করে থাকে এবং সমিতির সকল সদস্য ও এলাকাবাসীর মধ্যে  উন্নতমানের মাছ উদ্বুদ্ধ করা, অনুদান, গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রীদের পরীক্ষার ফি প্রদান, কন্যা সন্তান বিবাহ অনুদান, শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান, মেধাবী ছাত্র-ছাত্রীদের শিক্ষা বৃত্তি ও বয়স্ক ভাতা প্রদান এবং বিভিন্ন সহযোগীতা সহ এ ব্যাপারে উৎসাহিত এবং প্রয়োজনে আর্থিক সাহায্য প্রদান করে থাকে।

**বাণিজ্যিক উন্নয়ন কর্মকান্ডের ধরণ ও প্রকৃতি ঃ-** সদস্যদের মৎস্য চাষে প্রশিক্ষণ দিয়ে উন্নতমানের মাছের পোনা প্রদান এবং মাছ বিক্রয় করে লাভবান হচ্ছেন। তাছাড়া সমবায়ের মাধ্যমে সরকারী জলমহাল ইজারা নিয়ে মাছ চাষ করলে খুব দ্রুত মাছ বৃদ্ধি পায়।

**সামাজিক কার্যক্রমে অবদান ঃ-** সমিতির পক্ষ থেকে বয়স্ক শিক্ষা কার্যক্রম পরিচালিত করে সমাজকে নিরক্ষরতার অভিশাপ থেকে মুক্ত করার প্রয়াশ চালাচ্ছে। এছাড়া সমিতির পক্ষ থেকে ছাত্র/ছাত্রীদের মধ্যে শিক্ষা, বৃত্তি, বিবাহ অনুদান, চিকিৎসা অনুদান, গরীব পরিবারের মধ্যে আর্থিক অনুদান প্রদান, বাল্য বিবাহ রোধ ও মাদক দ্রব্য সেবনে নিরুৎসাহিতকরণ কার্যক্রম পরিচালনা করে মেহেরপুর সদর উপজেলার মধ্যে অগ্রণী ভূমিকা পালন করে আসছে।

২৬/০৭/2020

উপজেলা সমবায় অফিসার
মেহেরপুর সদর, মেহেরপুর।